

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১৭৪


তারিখ: ২২ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

## সংবাদ বিজ্ঞপ্তি

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষার ফলাফল প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশীদ আজ সকাল ১১টায় কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৮ (শিক্ষাবর্ষ ২০১৭-১৮), ২০১৯ (শিক্ষাবর্ষ ২০১৮-১৯) এবং ২০২০ (শিক্ষাবর্ষ ২০১৯-২০) এর ফলাফল ঘোষণা করেন। তিনি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে সকলকে স্ব-স্ব ক্ষেত্রে মেধা ও যোগ্যতার মাধ্যমে বিশ্ববিদ্যালয় তথা দেশের ভাবমূর্তি উজ্জ্বল করার জন্য আহ্বান জানান। সকালে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত পরীক্ষা নিয়ন্ত্রক জনাব এ, কে, এম, আক্তারুজ্জামান আনুষ্ঠানিকভাবে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের হাতে তুলে দেন। ফলাফল ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম, সহকারী রেজিস্ট্রার জনাব জাকির হোসেন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.) জনাব মোঃ জিয়াউর রহমান সহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে সারা দেশের কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৮ (শিক্ষাবর্ষ ২০১৭-১৮) এ মোট ৬০৮ জন, ২০১৯ (শিক্ষাবর্ষ ২০১৮-১৯) এ মোট ৫২৭ জন এবং ২০২০ (শিক্ষাবর্ষ ২০১৯-২০) এ মোট ৪৮৯ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করেন। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পাশের হার ৮৭.৮৩%, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের পাশের হার ৮৫.২০% এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের পাশের হার ৮৩.২৩%। পরীক্ষার ফলাফল সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) এ পাওয়া যাবে।



(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

### অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২. অফিস নথি